

চার কলেজ জাতীয়করণ হলো

নিজস্ব বাড়া পরিবেশক

সরেজমিনে পরিদর্শন ও যাচাই-
বাছাইসহ প্রয়োজনীয় সকল প্রক্রিয়া
সম্পন্ন করে আরও চারটি কলেজকে
জাতীয়করণ করেছে সরকার। এ
বিষয়ে গতকাল পৃথক পৃথক প্রজ্ঞাপন
জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব
এজেডএম নুরুল হক স্বাক্ষরিত
চারটি কলেজকে জাতীয়করণের এ
প্রজ্ঞাপন জারি করা হয়। এর আগে
গত ২৬ আগস্ট অর্থ মন্ত্রণালয় এক
পত্রে কলেজ : পৃষ্ঠা : ২ ক : ৪

কলেজ : জাতীয় করণ (১৬ পৃষ্ঠার পর)

এসব কলেজকে জাতীয়করণের
সম্মতি দেয়।

কলেজগুলো হলো- টাংগাইলের
সখিপুরে অবস্থিত মুজিব কলেজ,
বরতনার বেতাগী ডিমি কলেজ,
রাজবাড়ীর পাংশা কলেজ এবং
রাজশাহী সদরের শহীদ এএইচএম
কামরুজ্জামান ডিমি

কলেজ। জাতীয়করণ হওয়ায় এখন
এই চারটি কলেজের পুরো নিয়ন্ত্রণ
শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে
আসলো। এই চারটি কলেজ ছাড়া
বর্তমানে সরকারি কলেজ আছে
৩০৫টি।